# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭১৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বক্তব্য “অন্যথায় তা নফল হিসেবে গণ্য হবে” এর দ্বারা উদ্দেশ্য হলো দ্বিতীয় সালাত নফল হবে; প্রথম সালাত নয়

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ قَوْلَهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ (وَإِلَّا فَهِيَ نَافِلَةٌ) أَرَادَ بِهِ الصَّلَاةَ الثَّانِيَةَ لَا الْأُولَى

আরবী

1716 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا مَرْحُومُ بْنُ عَبْدِ الْعَزِيزِ الْقُرَشِيُّ قَالَ: حَدَّثَنَا أَبُو عِمْرَانَ الْجَوْنِيّ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الصَّامِتِ: عَنْ أَبِي ذَرٍّ قَالَ: قَالَ لِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (صَلِّ الصَّلَاةَ لِوَقْتِهَا فَإِنْ أَتَيْتَ الْقَوْمَ وَقَدْ صَلَّوْا كُنْتَ قَدْ أَحْرَزْتَ صَلَاتَكَ وَإِنْ لَمْ يَكُونُوا صلُّوا صليت معهم وكانت لك نافلة)

الراوي : أَبُو ذَرٍّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1716 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (1368)، ((صحيح سنن ابن ماجه)) (2862)، ((الإرواء)) (483)

বাংলা

১৭১৬. আবূ যার গিফারী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমার বন্ধু (অর্থাৎ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) আমাকে তিনটি উপদেশ দিয়েছেন। (তন্মধ্যে অন্যতম হলো) তুমি সময় মতো সালাত আদায় করবে। অতঃপর যদি তুমি কওমকে পাও এমন অবস্থায় যে, তারা সালাত আদায় করেছেন, তবে তুমি তো তোমার সালাত আগেই সংরক্ষন করেছো, আর যদি তারা সালাত না আদায় না করে থাকে, তবে তাদের সাথে আবার সালাত আদায় করবে। আর এটি তোমার জন্য নফল হিসেবে বিবেচিত হবে।”[1]

ফুটনোট

[1] ইমাম বুখারী, আল আদাবুল মুফরাদ: ১১৩; মুসনাদ আহমাদ: ৫/১৬১; আবূ আওয়ানা: ২/৪৪৮; বাগাবী,

শারহুস সুন্নাহ: ৩৯১; সহীহ মুসলিম: ৬৪৮; আত তায়ালিসী: ৪৫২; ইবনু মাজাহ: ২৮৬২; সুনান বাইহাকী: ৩/৮৮; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৩৮১; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৩৭৮২; দারেমী: ১/২৭৯; আবূ দাঊদ: ৪৩১; তিরমিযী: ১৭৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৩৬৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ যার আল-গিফারী (রাঃ)

🔗 Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90932

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন